শেখ হাসিনার বাংলাদেশ
পরিচ্ছন্ন পরিবেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**পরিবেশ অধিদপ্তর**
পরিবেশ ভবন, ই/১৬, আগারগাঁও
শেরে-ই-বাংলানগর, ঢাকা ১২০৭
www.doe.gov.bd

স্মারক নম্বর: ২২.০২.০০০০.০১৮.০৬.০০১.১৮. ৫৬

তারিখ: ১৩ চৈত্র ১৪২৯ বঙ্গাব্দ
২৭ মার্চ ২০২৩ খ্রিষ্টাব্দ

# অফিস আদেশ

বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ (সংশোধিত ২০১০) এর ১২(৪) ধারার ক্ষমতাবলে পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ২০২৩ এর বিধি ২৪ (১) (ক) ও বিধি ২৫(১) অনুসারে পরিবেশ অধিদপ্তরের প্রধান কার্যালয়ের পরিবেশগত ছাড়পত্র কমিটি পুনরাদেশ না দেয়া পর্যন্ত নিম্নরূপভাবে গঠন করা হলো:

| ক্রমিক নম্বর | কর্মকর্তার পদবী | কমিটিতে অবস্থান |
|---|---|---|
| ১. | পরিচালক (পরিবেশগত ছাড়পত্র), পরিবেশ অধিদপ্তর, সদর দপ্তর, ঢাকা | আহবায়ক |
| ২. | পরিচালক (প্রাকৃতিক সম্পদ ব্যবস্থাপনা), পরিবেশ অধিদপ্তর, সদর দপ্তর, ঢাকা | সদস্য |
| ৩. | পরিচালক (গবেষণাগার), পরিবেশ অধিদপ্তর, ঢাকা গবেষণাগার, ঢাকা। | সদস্য |
| ৪. | পরিচালক (বায়ুমান ব্যবস্থাপনা), পরিবেশ অধিদপ্তর, সদর দপ্তর, ঢাকা | সদস্য |
| ৫. | পরিচালক (বর্জ্য ও রাসায়নিক পদার্থ ব্যবস্থাপনা), পরিবেশ অধিদপ্তর, সদর দপ্তর, ঢাকা | সদস্য |
| ৬. | পরিচালক (ঢাকা অঞ্চল), পরিবেশ অধিদপ্তর, ঢাকা অঞ্চল, ঢাকা। | সদস্য |
| ৭. | পরিচালক (ঢাকা মহানগর), পরিবেশ অধিদপ্তর, ঢাকা মহানগর, ঢাকা | সদস্য |
| ৮. | উপপরিচালক (পরিবেশগত ছাড়পত্র), পরিবেশ অধিদপ্তর, সদর দপ্তর, ঢাকা | সদস্যসচিব |

২. <u>কমিটির কার্যপরিধি</u>:

(ক) লাল শ্রেণিভুক্ত শিল্প বা প্রকল্পের পরিবেশগত প্রভাব নিরূপণের কার্যপরিধি এবং পরিবেশগত প্রভাব নিরূপণ প্রতিবেদন পর্যালোচনা ও মূল্যায়ন;

(খ) পরিবেশগত প্রভাব নিরূপণের কার্যপরিধি ও পরিবেশগত প্রভাব নিরূপণ প্রতিবেদন অনুমোদনসহ ছাড়পত্র প্রদানের বিষয়ে মহাপরিচালকের নিকট সুপারিশ প্রদান;

(গ) শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের ধরন ও বৈশিষ্ট্য বিবেচনাপূর্বক ছাড়পত্রের শর্তাবলি নির্ধারণ;

(ঘ) প্রযোজ্য কমলা শ্রেণির শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের প্রাথমিক পরিবেশগত সমীক্ষা প্রতিবেদন ও ছাড়পত্রের আবেদন পর্যালোচনাক্রমে ছাড়পত্র প্রদানের বিষয়ে মহাপরিচালকের নিকট সুপারিশ প্রদান;

(ঙ) লাল ও প্রযোজ্য কমলা শ্রেণির শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের পরিবেশগত ব্যবস্থাপনা পরিকল্পনা প্রতিবেদন ও ছাড়পত্রের আবেদন পর্যালোচনাক্রমে ছাড়পত্র প্রদানের বিষয়ে মহাপরিচালকের নিকট সুপারিশ প্রদান;

(চ) কোনো শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের উদ্যোক্তা কর্তৃক কর্পোরেট সামাজিক এবং পরিবেশগত দায়িত্ব গ্রহণের জন্য সুপারিশ করা;

(ছ) লাল ও প্রযোজ্য কমলা শ্রেণির শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের তরল বর্জ্য পরিশোধনাগার নির্মাণ এবং বায়ুদূষণ নিয়ন্ত্রণ ব্যবস্থার বিনির্দেশ অনুমোদনের জন্য সুপারিশ করা;

(জ) প্রয়োজন অনুযায়ী সংশ্লিষ্ট শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের প্রস্তাবিত সাইট পরিদর্শন;

(ঝ) কমিটি প্রয়োজনে অধিদপ্তরের যে কোনো কর্মকর্তাকে ছাড়পত্র কমিটির সদস্য হিসেবে কোঅপ্ট করতে/ কমিটির সভায় আমন্ত্রণ জানাতে পারবে;

(ঞ) কমিটির সদস্যসচিবের অনুপস্থিতিতে উপপরিচালক (ইআইএ) কমিটির সদস্যসচিবের দায়িত্ব পালন করতে পারবে;

(ট) কমিটি প্রতিমাসে ন্যূনতম একটি করে সভা করবে;

(ঠ) কমিটির প্রতিটি সভার কার্যবিবরণীতে অন্যূন দুই-তৃতীয়াংশ সদস্যের স্বাক্ষর থাকতে হবে;

(ড) আইনের ধারা ১২ এর উদ্দেশ্য পূরণকল্পে মহাপরিচালক কর্তৃক নির্ধারিত অন্য কোনো কার্য।

৩। এ সংক্রান্ত পূর্বে জারীকৃত সকল আদেশ এতদ্বারা রহিত করা হলো এবং এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

২৭/৩/২০২৩

(ড. আবদুল হামিদ)
মহাপরিচালক
পরিবেশ অধিদপ্তর

স্মারক নম্বর: ২২.০২.০০০০.০১৮.০৬.০০১.১৮. ৫৩

তারিখ: ১৩ চৈত্র ১৪২৯ বঙ্গাব্দ
২৭ মার্চ ২০২৩ খ্রিষ্টাব্দ

বিতরণ: (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)

১। অতিরিক্ত মহাপরিচালক, পরিবেশ অধিদপ্তর, সদর দপ্তর, ঢাকা।

২। পরিচালক (প্রশাসন/ পরিবেশগত ছাড়পত্র/ আইন/জলবায়ু পরিবর্তন ও আন্তর্জাতিক কনভেনশন/ মনিটরিং ও এনফোর্সমেন্ট / পরিকল্পনা/ আইটি/ প্রাকৃতিক সম্পদ ব্যবস্থাপনা/ বায়ুমান ব্যবস্থাপনা/ বর্জ্য ও রাসায়নিক পদার্থ ব্যবস্থাপনা/ পরিবেশ অধিদপ্তর, সদর দপ্তর, ঢাকা।

৩। পরিচালক, ঢাকা অঞ্চল/ ঢাকা মহানগর/ ঢাকা গবেষণাগার/ চট্টগ্রাম অঞ্চল/ চট্টগ্রাম মহানগর/ চট্টগ্রাম গবেষণাগার/ খুলনা বিভাগ/ রাজশাহী বিভাগ/ সিলেট বিভাগ/ বরিশাল বিভাগ/ ময়মনসিংহ বিভাগ/ রংপুর বিভাগ, পরিবেশ অধিদপ্তর, ঢাকা, চট্টগ্রাম, খুলনা, রাজশাহী, সিলেট, বরিশাল, ময়মনসিংহ, রংপুর।

৪। উপপরিচালক (প্রশাসন/ অর্থ/ পরিবেশগত ছাড়পত্র/ ইআইএ), পরিবেশ অধিদপ্তর, সদর দপ্তর, ঢাকা।

৫। উপপরিচালক/ দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, পরিবেশ অধিদপ্তর, ....................................... জেলা।

অনুলিপি: সদয় অবগতির জন্য।

১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৪। সহকারী পরিচালক, মহাপরিচালক মহোদয়ের শাখা, পরিবেশ অধিদপ্তর, ঢাকা।

৫। অফিস কপি।

২৭/০৩/২০২৩

(মোঃ মাহবুবুর রহমান খান)
সহকারী পরিচালক (ইআইএ)
পরিবেশ অধিদপ্তর